যায়যায়দিন

তারিখ OCT. 09 2006
পৃষ্ঠা 2 কলাম ৭

সিলেটে অর্থমন্ত্রী

# শিগগিরই মেয়েদের উপবৃত্তির সুফল মিলবে

সিলেট অফিস

অর্থ ও পরিকল্পনামন্ত্রী এম. সাইফুর রহমান বলেছেন, আজকের মেয়েরা ভবিষ্যৎ সিটিজেনের মা। এই দৃষ্টিভঙ্গি থেকেই আমরা মেয়েদের জন্য উপবৃত্তি ও অবৈতনিক শিক্ষা চালু করেছি। তিনি বলেন, শিগগিরই জাতি এর সুফল ভোগ করবে।

গতকাল রবিবার রেডক্রিসেন্ট সোসাইটি সিলেট ইউনিট আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ কথা বলেন। জাপানের আন্তর্জাতিক বন্ধুত্ব প্রকল্পের আওতায় সিলেট নগরীর পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষা উপকরণ বিতরণ উপলক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। রিকাবীবাজারে এম সাইফুর রহমান অডিটরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রেডক্রিসেন্টের সিলেট ইউনিটের ভাইস প্রেসিডেন্ট আরিফুল হক চৌধুরী।

এছাড়া অর্থমন্ত্রী গতকাল ওসমানী মেডিকাল কলেজ হাসপাতালে পাঁচটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।